- 2020 বাংলা (অনার্স) (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম) দ্বিতীয় সেমেস্টার ততীয় পত্র কোর্স কোড : BNGH/CC-T-3 (ছন্দ, কৃত্তিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী) পূর্ণমান : ৬০ সময় : ২২ ঘণ্টা দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক। প্রশ্নগুলির উত্তর যথাসন্তব নিজের ভাষায় লেখা প্রয়োজন। ১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০ ছেদ ও যতি কী? ক) পংক্তি কী ? খ) পূর্বরাগের লক্ষণগুলি তোমাদের পঠিত পদের অবলম্বনে গ) লেখোঁ। 'প্রার্থনা' বিষয়ক পদের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যরচনার ঘ)
  - সময়কাল লেখো।
  - ঙ) নিজের জন্ম দিন কবি কৃত্তিবাস কীভাবে উল্লেখ করেছিলেন ?
  - চ) ''এসব গাহিল গীত জৈমিনি ভারতে'' এই বলে কবি কৃত্তিবাস কোন্ কোন্ ঘটনার সংযোজন করেছিলেন?

- ছ) বাংলা ছন্দে অক্ষর বা দলের গুরুত্ব কতখানি?
- জ) রবীন্দ্রনাথ কীভাবে 'অমিত্রাক্ষর ছন্দ' থেকে 'মুক্তক ছন্দে' কবিতাকে এগিয়ে নিয়ে গেলেন?
- ঝ) মাণ্ডবী কে?
- এও) 'আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ' পদকার কে? পদটির সঙ্গে কোন্ পর্যায়ের পদের সাযুজ্য রয়েছে?
- ট) লবকুশের হাতে তার পরিবারের কে কে পরাজিত হয়েছিলেন ?
- ঠ) পৰ্ব কাকে বলে ?
- ড) কুলিশ পাতন শবদ ঝন ঝন

পবন খরতর বলগই।।"

- পঙ্ক্তিগুলির অর্থ লেখো।
- ঢ) কৃত্তিবাস কীভাবে বা কিসের মাধ্যমে বাংলাদেশের নিসর্গ পরিবেশ তুলে ধরেছিলেন এবং কী বর্ণনার মাধ্যমে বাংলার তীর্থস্থান সহ জনপদের বর্ণনা করেছিলেন ?
- ণ) মাত্রা চিহ্ন বসাও (মাত্রাবৃত্ত রীতি অনুযায়ী):
  রাঢ় দীপের আলোক লাগিল ক্ষমাসুন্দর চক্ষে।
- ২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০
  - ক) নিচের যে-কোনো **একটি** কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো:
    - অ) 'গলির মোড়ে বেলা যে পড়ে এলো পুরোনো সুর ফেরিওলার ডাকে, দূরে বেতার বিছায় কোন্ মায়া, গ্যাসের আলো জ্বলা এদিন শেযে।'

201/Beng

- আ) 'চিত্ত যেথা ভয়শূন্য উচ্চ যেথা শির, জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর আপন প্রাঙ্গন তলে দিবস শর্বরী বসুধাকে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি' রূপের পাখারে আঁখি ডুবি সে রহিল।
- খ) রূপের পাখারে আঁখি ডুবি সে রহিল। যৌবনের বনে মন হারাইয়া গেল।। ঘরে যাইতে পথ মোর হৈল অফুরান। অন্তরে বিদরে হিয়া কি জানি করে প্রাণ।।

— ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

- গ) 'মাথুর' শব্দটির অর্থ কী? 'পিয়া বিনে পাঁজর ঝাঁজর ভেলা' — এই চরণের মর্মকথাটি বুঝিয়ে দাও।
- ঘ) কৃত্তিবাসের রামায়ণের উত্তরাকাণ্ডে যে নির্মল হাস্যরস উপস্থিত তা 'উদ্ধৃতিসহ আলোচনা করো।
- ৬) 'কৃত্তিবাস তাঁর রামায়ণে লক্ষণ চরিত্রটিতে 'বাঙালি দেবর'কে এঁকেছেন — আলোচনা করো।
- চ) স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।
- ৩। যে-কোনো দুটি প্রশের উত্তর দাও : ১০×২=২০
  - ক) গদ্য ছন্দ বলতে কী বোঝো ? এই ছন্দের বৈশিষ্ট্যাবলী যথোপযুক্ত উদাহরণসহ ব্যাখ্যা করো।
- 201/Beng [3] [5

খ) ''বলরাম দাসে কয় এই কর্ম ভাল নয় ধাইয়া গোপাল কর কোড়ে।''

> — কবি এই কথা কেন বলেছেন এবং কার উদ্দেশ্যেই বা বলেছেন ? সমগ্র পদটিতে কবির বক্তব্যটি বিশ্লেষণ করে বৈষ্ণবতত্ত্বের পঞ্চরসের কোন্ রসটি পরিবেশিত হয়েছে তা ব্যাখ্যা করো।

- গ) কৃত্তিবাস বিরচিত রামায়ণ কেন এত জনপ্রিয়তা অর্জন করেছিল ? বিশদে বুঝিয়ে দাও।
- ঘ) 'মাধব কি কহব দৈব বিপাক' এবং 'গগনে অবঘন মেহ দারুণ' দুটিই শ্রীরাধার অভিসার বিষয়ক পদ। উভয়পদের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

[4]